3 9 JUN 1992

তারিখ 09 JUN 1992
পৃষ্ঠা 2 কলাম 2

0 9 JUN 1992

12

হাসপাতালে প্রধানমন্ত্রী

# গুলিতে আহত তিন শিশুঃ দায়ী ব্যক্তিদের ধরার নির্দেশ

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া রোববার ক্যাম্পাসে গোলাগুলির জন্য দায়ী ব্যক্তিদের খুঁজে বের করতে স্বরাষ্ট্রমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন। তিনি ঐ তৎপরতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দেন। এই ঘটনায় কয়েকটি শিশু আহত হয়।

বাসস'র খবরে প্রকাশ, প্রধানমন্ত্রী বুলেটবিদ্ধ স্কুল ছাত্রদের দেখতে সোমবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে যান। রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষ চলাকালে এরা আহতহয়।

প্রধানমন্ত্রী ছেলেদের বর্তমান অবস্থা সম্পর্কে খোঁজ-খবর নেন এবং তারা যাতে দ্রুত সেরে উঠতে পারে সেজন্য চিকিৎসকদের সম্ভাব্য সব রকম ব্যবস্থা নিতে বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী ও সমাজকল্যাণ প্রতিমন্ত্রী বেগম সরোয়ারী রহমান প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপমন্ত্রী সিরাজুল হক এবং ঢাকা মেডিক্যাল কলেজের ডিরেক্টর ও অধ্যাপকগণ উপস্থিত ছিলেন।

## শ্রমিকদল প্রতিনিধিদের সঙ্গে বৈঠক

জাতীয়তাবাদী শ্রমিক দল রাজশাহী শাখার একটি প্রতিনিধি দল সোমবার

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

## গুলিতে আহত তিন শিশু

( প্রথম পৃষ্ঠার পর )

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সুগন্ধা কার্যালয়ে দেখা করেন।

রাজশাহী শাখার সভাপতি ডাঃ আনোয়ার হোসেন ও সেক্রেটারী জেনারেল রফিকুল ইসলাম দেলওয়ারের নেতৃত্বে প্রতিনিধি দল উত্তরাঞ্চলে মিল, কারখানা ও অন্যান্য সরকারী সংস্থায় বিরাজমান সমস্যা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

তারা বিদ্যুৎ, পানি উন্নয়ন, টেলিফোন, বস্ত্র, সুতা ও রেশম খাতসহ বিভিন্ন সরকারী খাতের সমস্যা নিয়ে আলোচনা করেন।

প্রধানমন্ত্রী সমস্যা সমাধানে সম্ভাব্য সব রকম সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

যোগাযোগ প্রতিমন্ত্রী ফজলুর রহমান ও আইন ও বিচার প্রতিমন্ত্রী আমিনুল হক এ সময়ে উপস্থিত ছিলেন।